



NW London

know diabetes

ইনসুলিনের তথ্য-

এখানে আপনি বিভিন্ন ধরনের ইনসুলিনের বিষয়ে তথ্য পাবেন (গ্রাফগুলি ইনজেকশন নেওয়ার পর থেকে ঘণ্টার পাশাপাশি ইনসুলিনের ক্রিয়া দেখায়)।

দ্রুত ক্রিয়াশীল ইনসুলিন

দ্রাব্য ইনসুলিন


অ্যাক্ট্রাপিড(Actrapid)

হিউমিউলিন এস(Humulin S)

হাইপিউরিন পোর্সিন নিউট্রাল(Hypurin Porcine Neutral)

ইনসিউম্যান র্যাপিড (Insuman Rapid)

0 2 4 6 8 10 12 14 16 18 20 22 24




ইনজেকশন নেওয়ার পরে এটি রক্তপ্রবাহে শোষিত হয় এবং 30 মিনিটের ভিতরে কাজ করতে শুরু করে, এবং ইনজেকশনের 2-4 ঘণ্টা পরে ক্রিয়া সর্বোচ্চ হয় এবং 8 ঘণ্টা পর্যন্ত স্থায়ী হয়। সাধারণত: প্রধান আহারের 20-30 মিনিট আগে ইনজেকশন দেওয়া হয়।

দ্রুত-ক্রিয়াশীল অ্যানালগ ইনসুলিন

হিউম্যালোগ(Humalog)

নোভোর্যাপিড(Novorapid)

অ্যাপিড্রা(Apidra)




দ্রাব্য ইনসুলিনের পরিবর্তে ব্যবহার করা হয়, আদর্শ ক্ষেত্রে আহারের 10-15 মিনিট আগে দ্রুত-ক্রিয়াশীল অ্যানালগ ইনসুলিন ইনজেকশন দেওয়া উচিত, যদিও কিছু মানুষ খাবার খাওয়ার সময়ে বা খাওয়ার পরে ইনজেকশন নিতে পছন্দ করেন। ইনজেকশন দেওয়ার 15 মিনিটের মধ্যে এটা কাজ করতে শুরু করে, এবং 50-90 মিনিটের মধ্যে ক্রিয়া সর্বোচ্চ হয় এবং 2 থেকে 5 ঘন্টা পর্যন্ত রক্তের গ্লুকোজের ওপরে একটি প্রভাব থাকতে পারে, যা ইনসুলিনের ডোজের ওপরে নির্ভর করে।

ব্যাকগ্রাউন্ড ইনসুলিন

আইসোফেন ইনসুলিন


- ইনসুলেটার্ড (Insulatard)
- হিউমিউলিন I (Humulin I)
- হাইপিউরিন পোর্সিন আইসোফেন (Hypurin Porcine Isophane)
- ইনসিউম্যান ব্যাসাল (Insuman Basal)




আইসোফেন ইনসুলিনগুলি দেখতে ঘোলাটে, ইনজেকশন দেওয়ার আগে মেশানোর প্রয়োজন হয়। এই ইনসুলিনগুলি বেশির ভাগ ক্ষেত্রেই দিনে দু'বার নেওয়া হয়, সকালে একবার এবং আবার শুতে যাওয়ার সময়। তবে এটা দিনে একবারও নেওয়া হতে পারে। ইনজেকশনের 2 ঘন্টা পরে এগুলি কাজ করতে শুরু করে, 4-6 ঘন্টা পরে ক্রিয়া সর্বোচ্চ হয় এবং 8-14 ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়।

দীর্ঘ ক্রিয়াশীল অ্যানালগ

- লেভেমির (Levemir) (দিনে একবার বা দু'বার নেওয়া যেতে পারে)



- ল্যান্টাস (Lantus) (সাধারণতঃ দিনে একবার, কিন্তু কখনও কখনও দিনে দু'বার)



দীর্ঘ ক্রিয়াশীল অ্যানালগগুলি স্বচ্ছ রঙের, আইসোফেনের পরিবর্তে ব্যবহার করা যায় এবং আরো বেশি সময় স্থায়ী হয়, ইনজেকশনের 2 ঘণ্টা পরে এগুলি কাজ করতে শুরু করে এবং 18-24 ঘণ্টা পর্যন্ত স্থায়ী হয়।

মিশ্র ইনসুলিন

বিভিন্ন শক্তিতে দ্রুত ক্রিয়াশীল ও দীর্ঘ ক্রিয়াশীল ইনসুলিনের একটি মিশ্রণ।

মিশ্র মানব ইনসুলিন


- হিউমিউলিন এম3 (Humulin M3)
- ইনসিউম্যান কোম্ব 15 (Insuman Comb 15)
- ইনসিউম্যান কোম্ব 25 (Insuman Comb 25)
- ইনসিউম্যান কোম্ব 50 (Insuman Comb 50)

সাধারণতঃ দিনে দু'বার নেওয়া হয়, প্রাতঃরাশ এবং সন্ধ্যার আহারের আনুমানিক 30 মিনিট আগে ইনজেকশন নেওয়া হয়।

মিশ্র ইনসুলিন

- নোভোমিক্স 30 (Novomix 30)
- হিউম্যালগ মিক্স 50 (Humalog mix 50) (3 x নেওয়া যেতে পারে, প্রতিদিন প্রাতঃরাশ, দুপুরের খাবার, সন্ধ্যার আহার, যদি আপনার ডায়াবেটিস দল পরামর্শ দিয়ে থাকে)
- হিউম্যালগ মিক্স 25 (Humalog mix 25)

অ্যানালগ মিশ্রণগুলি দ্রুত ক্রিয়া করে; এগুলি সাধারণতঃ দিনে দুবার প্রয়োগ করা হয় এবং আহারের 5 - 15 মিনিট আগে ইনজেক্শন দেওয়া হয়, যদিও কিছু মানুষ খাওয়ার সময় বা খাওয়ার পরে ইনজেক্শন নিতে পছন্দ করেন।



ইনসুলিন	আরম্ভ	সর্বোচ্চ	সময়কাল
ফিয়াস্প(Fiasp) ((নোভোর্যাপিড(Novorapid))- আরো দ্রুত ইনসুলিন অ্যাস্পার্ট প্রস্তুত হয়	4 মিনিট	1-3 ঘণ্টা	3-5 ঘণ্টা
নোভোর্যাপিড (Novorapid), হিউম্যালাগ অ্যাপিড্রা 100 (Humalog Apidra 100) ইউনিট/মিলি	5-15 মিনিট	50-90 মিনিট	2-5 ঘণ্টা
অ্যাক্ট্রাপিড (Actrapid), হিউমিউলিন এস (HumulinS), হাইপিউরিন নিউট্রাল (Hypurin Neutral)	30 মিনিট	2-4 ঘণ্টা	8 ঘণ্টা পর্যন্ত
ইনসুল্যাটার্ড (Insulatard), হিউমিউলিন আই (Humulin I), হাইপিউরিন আইসফেন (Hypurin Isophane) 100 ইউনিট/মিলি	2 ঘণ্টা	4-6 ঘণ্টা	8-14 ঘণ্টা
লেভেমির (Levemir) 100 ইউনিট/মিলি (ইনসুলিন ডেটেমির)	2 ঘণ্টা	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	18 ঘণ্টা পর্যন্ত
ল্যান্টাস (Lantus) 100 ইউনিট/মিলি (ইনসুলিন গ্লারজিন)	2 ঘণ্টা	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	18-24 ঘণ্টা পর্যন্ত
অ্যাবাস্যাগ্লার (Abasaglar) 100 ইউনিট/মিলি	2 ঘণ্টা	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	18-24 ঘণ্টা পর্যন্ত
টৌজিও(Toujeo)(ইনসুলিন গ্লারজিন 300 ইউনিট/মিলি)	6 ঘণ্টা	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	24 ঘণ্টার পরে
ট্রেসিবা (Tresiba) (ইনসুলিন ডেফ্লুডেক) 2 টি ঘনত্বে পাওয়া যায়: 200 ইউনিট/মিলি ও 100 ইউনিট/মিলি	30-90 মিনিট	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	42 ঘণ্টা
জুলথোপি (Xultophy) = বেসাল ইনসুলিন ও GLP1 (ইনসুলিন ডেফ্লুডেক/লিরাগ্লুটাইড)	30-90 মিনিট	কোনো স্বতন্ত্র সর্বোচ্চ ক্রিয়া নেই	42 ঘণ্টা

ইনসুলিন ও ইনসুলিন পেনের বিষয়ে আরো তথ্যের জন্য নিচের লিংকটি অনুসরণ করুন।

https://shop.diabetes.org.uk/usr/downloads/UpdateMedsKit17_shop2.pdf